



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com




স্মারক নং : মাউশিবোর্দি/প্রশা:/৬১২১(৩)

তারিখ : ০৪/০৭/২০২১ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দকে অবগত করা যাচ্ছে যে, একটি প্রতারক চক্র কর্তৃক অজানা নম্বর থেকে ফোন করে শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারী-এর পরিচয় দিয়ে বিকাশ অথবা অন্য কোন মাধ্যমে টাকা পাঠানোর জন্য বলা হচ্ছে মর্মে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডে “সোনালী সেবা/ব্যাংক ড্রাফট” ব্যতীত নগদ, বিকাশ বা অন্য কোন মাধ্যমে টাকা জমা নেয়া হয়না। আর এজন্যই শিক্ষা বোর্ড থেকে কোন কর্মকর্তা বা কর্মচারী কখনও নগদ, বিকাশ অথবা অন্য কোন মাধ্যমে টাকা পাঠানোর জন্য ফোন করে না। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার জন্য বলা হলো। কোন ব্যক্তি অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তা বা কর্মচারী হিসেবে পরিচয়পত্র বা যোগদানপত্র প্রদর্শন করলেও হাতে হাতে কোন অর্থ প্রদান করবেন না। কেউ এ ধরনের প্রতারণা করতে চাইলে সঙ্গে সঙ্গে আইন শৃঙ্খলা বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
সকল শিক্ষা প্রতিষ্ঠান,  
শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

  
০৪/০৭/২০২১  
প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান  
পরীক্ষা নিয়ন্ত্রক ও সচিব (অ:দা:)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।

০২। অফিস কপি।